

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৮০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৩. তাশাহ্ছদ পড়ার পর নাবী (ﷺ)\_এর উপর দরুদ পাঠ

باب الصَّلَاةِ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم بَعْدَ التَّشَهُّدِ

### আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِك، عَنْ نُعَيْمِ بْنِ عَبْدِ اللهِ الْمُجْمِرِ، أَنَّ مُحَمَّدَ بْنَ عَبْدِ اللهِ بْنِ زَيْدٍ هُوَ الَّذِي أُرِيَ النِّدَاءَ بِالصَّلَاةِ \_ أَخْبَرَهُ عَنْ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ، أَنَّهُ قَالَ أَتَانَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي مَجْلِسِ سَعْدِ بْنِ عُبَادَةَ فَقَالَ لَهُ بَشِيرُ بْنُ سَعْدٍ أَمَرَنَا اللهُ أَنْ نُصَلِّيَ عَلَيْكَ يَا رَسُولَ اللهِ فَكَيْفَ نُصلِّي عَلَيْكَ فَسَكَتَ رَسُولُ اللهِ بْنُ سَعْدٍ أَمَرَنَا اللهُ أَنْ نُصلِّي عَلَيْكَ يَا رَسُولَ اللهِ فَكَيْفَ نُصلِّي عَلَيْكَ فَسكَتَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم حَتَّى تَمَنَّيْنَا أَنَّهُ لَمْ يَسْأَلْهُ ثُمَّ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قُولُوا " . فَذَكَرَ مَعْنَى حَدِيثِ كَعْبِ بْنِ عُجْرَةَ زَادَ فِي آخِرِهِ " فِي الْعَالَمِينَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ " .

\_ صحيح : م

#### বাংলা

৯৮০। আবৃ মাস'উদ আল-আনসারী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সা'দ ইবনু 'উবাদাহ (রাঃ) এর মাজলিসে আমাদের নিকট আসলেন। তখন বাশীর ইবনু সা'দ (রাঃ) তাকে বললেন, হে আল্লাহর রসূল! আল্লাহ আমাদেরকে আপনার উপর দর্নদ পাঠের আদেশ করেছেন। আমরা কিভাবে আপনার উপর দর্নদ পড়বো? রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কিছুক্ষণ চুপ করে থাকলেন। এমনকি আমরা আক্ষেপ করতে ছিলাম যে, তাঁকে প্রশ্নটি না করাই ভাল ছিল। পরে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা বলো ... অতঃপর বর্ণনাকারী কা'ব ইবনু 'উজরাহ (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসের অনুরূপ উল্লেখ করেন। তবে হাদীসের শেষাংশে শুধু ''ফিল্ আলামীনা ইন্নাকা হামীদুম মাজীদ'' কথাটুকু বৃদ্ধি করেছেন।[1]

সহীহ: মুসলিম।



# **English**

Abu Mas'ud al-Ansari said:

The Messenger of Allah (ﷺ) came to us in a meeting of Sa'd b. 'Ubadah. Bashir b. Sa'd said to him: Allah has commanded us to invoke blessings on you, Messenger of Allah. How should we invoke blessings on you? The Messenger of Allah (ﷺ) kept silence so much so that we wished he would not ask him. Then the Messenger of Allah (ﷺ) said: Say. He then narrated the tradition like that of Ka'b b. 'Ujrah. This version adds in the end: In the universe, Thou art praiseworthy and glorious.

# ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সালাত, অনুঃ নাবী সাঃ-এর উপর দর্মদ পাঠ), তিরমিয়ী (অধ্যায় : তাফসীর, অনুঃ সূরাহ আল-আহ্যাব, হাঃ ৩২২০, ইমাম তিরমিয়ী বলেন, এই হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায় : সাহু, নাবী সাঃ-এর উপর দর্মদ পাঠর নির্দেশ, হাঃ ১২৮৪) সকলে মালিক হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন